# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি (ইউসিবি)

**কামরাঙ্গীরচর শাখা, এলহাম স্কয়ার, রনি মার্কেট রোড, আশ্রাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-১২১১।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স রনি প্রপার্টিজ নামীয় ব্যবসা প্রতিষ্ঠানের স্বত্ত্বাধিকারী-মাহবুবুল হক রনি উরফে মাহবুবুল হক খান (রনি), পিতা-জহিরুল হক খান, মাতা-তহুরা হক খান, ব্যবসায়িক ঠিকানা: ৬৪৮-৬৪৯, রনি মার্কেট ভবন ( সেকেন্ড ফ্লোর), বি ব্লক, কে.সি. রোড, পশ্চিম রসুলপুর, পোঃ-আশরাফাবাদ, কামরাঙ্গীরচর, ঢাকা-**১২১১**, বর্তমান ঠিকানা: হোল্ডিং নং-**৩১**, ডাউন টাউন এপার্টমেন্ট, মিরপুর রোড, ধানমন্ডি, ঢাকা ও স্থায়ী ঠিকানা: গ্রাম ও পোঃ অফিস: খুরম খালী, থানা:ফরিদগঞ্জ, জেলা: চাঁদপুর কর্তৃক ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কামরাঙ্গীরচর শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত **১৯/০২/২০২২**ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট **৩,৩৪,০৯,৭৪২.৮৭ (তিন কোটি চৌত্রিশ লক্ষ নয় হাজার সাতশত বিয়াল্লিশ টাকা এবং সাতাশি পয়সা)** টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভূক্ত সম্পত্তি ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদি যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তির তফসিল**

জেলা-ঢাকা, থানা-কামরাঙ্গীরচর, সাব-রেজিষ্ট্রি অফিস-ঢাকা সদর, মৌজা-চর কামরাঙ্গী, তৌজি নং-**১১২**, জে.এল. নং-সাবেক-**৩৪৯**, হাল-৭০, সিটি জরিপ-৩, সি.এস. খতিয়ান নং-**১৪৮**, এস.এ. খতিয়ান নং-**১৭৪**, আর.এস. খতিয়ান নং-**১৬১**,ঢাকা সিটি জরিপ (ডি.পি.) খতিয়ান নং-৬৮৫৫ , সিটি জরিপ মিউটেশন খতিয়ান নং-১১০২৭; সি.এস. ও এস. এ. দাগ নং-৫৯৩, আর.এস. দাগ নং-**২১২২**, জোত নং- **১৭২/৬২**, ঢাকা সিটি জরিপ দাগ নং-৪৬২৫; জমির পরিমাণ-৪.৫৯৫ শতাংশ ও তদুপরিস্থিত যাবতীয় স্থাপনাদী যাহার চৌহদ্দী ঃ উত্তরে- ভেন্ডিস ল্যান্ড, দক্ষিণে- বিউটি বেগম, পূর্বে- আব্দুল বারেক ও অন্যরাএবং পশ্চিমে-ভেন্ডিস ল্যান্ড ।

**নিলামের শর্তাবলী :**

(১) আগামী ৩০.০৩.২০২২ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কামরাঙ্গীরচর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

(২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কামরাঙ্গীরচর শাখার অনুকুলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

(৩) অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহব্বান করিতে পারিবেন।

(৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মুল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

(৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকুলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে।

(৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

(৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

(৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক পিএলসি, কামরাঙ্গীরচর শাখা, ঢাকা।